রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
রেজিস্টার্ড এডি ডাকযোগে/ই-মেইলে/WhatsApp-এ

**স্মারক নম্বর:** ২৮.১৯.০০০০.০০০.৩০৩.০৪.০০০১.২২.১৮৬

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

বিষয়: **অফিস আদেশ।**

যেহেতু, আপনি জনাব মুহাম্মদ রাশেদ আব্দুল্লাহ, উপব্যবস্থাপক (সার্ভিসেস), রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর আবেদনের পরিপ্রেক্ষিতে পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.২৫.০০১.২৪.২৮২৯ তারিখ: ২৩ অক্টোবর ২০২৪ মূলে শর্তসাপেক্ষে ২৪ অক্টোবর ২০২৪ তারিখ অথবা নিকটতম সময়ে কানাডা গমনের লক্ষ্যে আপনার অনুকূলে ২০ (বিশ) দিন বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। এ পরিপ্রেক্ষিতে আপনি ২৪ অক্টোবর ২০২৪ তারিখে বহিঃবাংলাদেশ (কানাডা) গমনের উদ্দেশ্যে ০২ নভেম্বর ২০২৪ তারিখ থেকে ছাড়পত্রের জন্য আবেদন করেন। পরবর্তীসময়ে স্মারক নম্বর ২৮.১৯.০০০০.৩০৩.২৫.০০৫.১৮.৪১৮, তারিখ: ২৮ অক্টোবর ২০২৪ এর মাধ্যমে আপনাকে কানাডা গমনের জন্য ০২ নভেম্বর ২০২৪ তারিখ থেকে কার্যকর করে ছাড়পত্র প্রদান করা হয় এবং তদনুযায়ী আপনি কানাডা গমন করেন; এবং

যেহেতু, আপনি কানাডায় অবস্থানকালে গত ১৮ নভেম্বর ২০২৪ তারিখে আপনার বাম পায়ে Intermittent Claudication সমস্যা দেখা দেওয়ার কথা উল্লেখ করে ২০ নভেম্বর ২০২৪ তারিখে কোনো প্রমাণক দাখিল ব্যতিরেকে বহিঃবাংলাদেশ ছুটি ২২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিতকরণের আবেদন করেন। পরবর্তীসময়ে ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখে আপনি হোয়াটসঅ্যাপের মাধ্যমে চিকিৎসাপত্রের একটি কপি প্রেরণ করেন, যা যথাযথ প্রশাসনিক প্রক্রিয়ায় কোম্পানিতে দাখিল হয়নি। উপরন্তু, উক্ত চিকিৎসাপত্রের সত্যতা বাংলাদেশ থেকে যাচাইয়েরও কোনো সুযোগ ছিল না। সরকারি আদেশ অনুযায়ী অনুমোদিত ২০ (বিশ) দিনের ছুটির মেয়াদ ২১ নভেম্বর ২০২৪ তারিখে অতিবাহিত হওয়ার পরও আপনি দেশে ফিরে কর্মস্থলে যোগদান করেননি; এবং

যেহেতু, সরকারি আদেশ অনুযায়ী আপনি বহিঃবাংলাদেশ ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদান না করায় বহিঃবাংলাদেশে অবস্থানের মোট ৩৩ (তেত্রিশ) দিন অতিবাহিত হওয়ার পর কোম্পানির স্মারক নম্বর: ২৮.১৯.০০০০.৩০৩.৩১.১৯০.২১.৫৮৩, তারিখ: ২৪ ডিসেম্বর ২০২৪ এর মাধ্যমে ১০ (দশ) কার্যদিবস সময় দিয়ে আপনাকে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়, যা কোম্পানির পক্ষে ই-মেইল (hafizuddin77@gmail.com) থেকে আপনার ই-মেইল (rashbd@gmail.com) ও হোয়াটসঅ্যাপে (+8801552 355827) প্রেরণ করা হলে আপনি বিষয়টি অবগত হন। এরপর ০৮ জানুয়ারি ২০২৫ তারিখে কর্মস্থলে যোগদানের নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হয়। তথাপি, আপনি নির্দেশনা প্রতিপালন করেননি এবং কর্মস্থলে যোগদান করেননি। এছাড়া, আপনি অসুস্থতাজনিত কারণে বহিঃবাংলাদেশ ছুটি ২২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিতকরণের যে আবেদন করেছেন, তার মেয়াদও অতিবাহিত হয়। তবুও আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি; এবং

যেহেতু, আপনি বহিঃবাংলাদেশ ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করায় আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২৩.০৪.০০১.২৩.৭২৫, তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৪ এবং পেট্রোবাংলার স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০১১.৪৮.০০১.২৪.৪, তারিখ: ০৮ জানুয়ারি ২০২৫-এর নির্দেশনার আলোকে কোম্পানির অফিস আদেশ নম্বর: ২৮.১৯.০০০০.৩০৩.০৪.০০১.২০.৫৫, তারিখ: ৩০ জানুয়ারি ২০২৫ এর মাধ্যমে প্রাথমিক তদন্তের জন্য কমিটি গঠন করা হয়। প্রাথমিক তদন্ত কমিটি বহিঃবাংলাদেশ ছুটির সরকারি আদেশ অনুযায়ী যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদান না করায় কোম্পানির চাকরি প্রবিধানমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করে; এবং

যেহেতু, বহিঃবাংলাদেশ ছুটির মেয়াদ ২১ নভেম্বর ২০২৪ তারিখে শেষ হওয়ায় ২২ নভেম্বর ২০২৪ তারিখ থেকে দীর্ঘসময় পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থলে আপনার অনুপস্থিতির বিষয়ে কোম্পানির চাকরি প্রবিধানমালা-২০০৫ এর ৩৮ (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগে আরপিজিসিএল-এর অফিস স্মারক নম্বর

২৮.১৯.০০০০.৩০৩.০৪.০০১.২২.৭৪, তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৫ এর মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক বিভাগীয় কার্যধারা রুজু করা হয়; এবং

যেহেতু, উক্ত অভিযোগের দায়ে কেন আপনার বিরুদ্ধে কোম্পানির চাকরি প্রবিধানমালা-২০০৫ এর প্রবিধান ৩৯ (১) (খ) (ঈ) মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা প্রবিধানমালার আওতায় অন্য কোনো উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। তৎপরিপ্রেক্ষিতে আপনি ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে লিখিত জবাব দাখিল করেন। লিখিত জবাবে আপনি ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেননি। আপনার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য কোম্পানির চাকরি প্রবিধানমালা-২০০৫ এর ৪২ (২) (গ) মোতাবেক আরপিজিসিএর-এর অফিস স্মারক ২৮.১৯.০০০০.০০০.৩০৩.০৪.০০০১.২২.১০৯, তারিখ: ৫ মার্চ ২০২৫ এর মাধ্যমে একটি বিভাগীয় তদন্ত কমিটি নিয়োগ করা হয়, যা আপনার ই-মেইলে প্রেরণ করা হয়। তদন্ত কমিটির নিকট আপনি কানাডা থাকাকালিন ০৬ এপ্রিল ২০২৫ এবং ১৬ এপ্রিল ২০২৫ তারিখে বক্তব্য দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে কোম্পানির চাকরি প্রবিধানমালা-২০০৫ এর প্রবিধান ৩৮ (খ) মোতাবেক 'অসদাচরণ' ও ৩৮ (গ) মোতাবেক 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে গুরুদণ্ড সাব্যস্ত হয়; এবং

যেহেতু, আপনি জনাব মুহাম্মদ রাশেদ আব্দুল্লাহ, উপব্যবস্থাপক কোম্পানির চাকরি থেকে ০২ নভেম্বর ২০২৪ তারিখ থেকে কার্যকর করার অনুরোধপূর্বক ইস্তফাপত্র ই-মেইল ও ডাকযোগে কানাডা থেকে কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করেন। কিন্তু কোম্পানির চাকরি প্রবিধানমালা-২০০৫ এর প্রবিধান ৫৪(৩) অনুযায়ী বিভাগীয় কার্যধারা চলমান থাকাকালে ইস্তফাপত্র গ্রহণযোগ্য নয়; এবং

যেহেতু, কোম্পানির চাকরি প্রবিধানমালা-২০০৫ এর প্রবিধান ৪২ (৫) ও ৪২ (৬) অনুযায়ী আপনি জনাব মুহাম্মদ রাশেদ আব্দুল্লাহ, উপব্যবস্থাপক সম্পর্কে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় আপনাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তদন্ত প্রতিবেদনের অনুলিপিসহ স্মারক নম্বর: ২৮.১৯.০০০০.০০০.৩০৩.০৪.০০০১.২২.৫৬৫, তারিখ: ২৬ ডিসেম্বর ২০২৫ এর মাধ্যমে দ্বিতীয় কারণদর্শানো নোটিশ প্রদান করা হয় এবং কেন কোম্পানির চাকরি প্রবিধানমালার ৩৯ (১) (খ) (ঈ) মোতাবেক চাকরি হতে বরখাস্ত করা হবে না- মর্মে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। এর পরিপ্রেক্ষিতে আপনি ০১ জানুয়ারি ২০২৬ তারিখে ই-মেইলে কর্তৃপক্ষ বরাবর জবাব দাখিল করেন; এবং

যেহেতু, জনাব মুহাম্মদ রাশেদ আব্দুল্লাহ, উপব্যবস্থাপক-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, প্রথম ও দ্বিতীয় কারণদর্শানো নোটিশের বিপরীতে দাখিলকৃত জবাব, তদন্ত কমিটির প্রতিবেদন ও মতামত, বিদ্যমান বিধি-বিধান এবং অনুমোদন ব্যতিরেকে দীর্ঘসময় বিদেশে অবস্থানের বিষয়াদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়। এ বিষয়ে বিভাগীয় কার্যধারা নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা কামনা করে বিষয়টি আরপিজিসিএল পরিচালনা পর্ষদের ২০ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৪৫১তম সভায় উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদ কোম্পানির চাকরি প্রবিধানমালা-২০০৫ এর প্রবিধান ৩৯ (১) (খ) (ঈ) মোতাবেক আপনাকে চাকরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেন;

সেহেতু, চাকরি প্রবিধানমালা অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মুহাম্মদ রাশেদ আব্দুল্লাহ, উপব্যবস্থাপক-কে রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর চাকরি প্রবিধানমালা-২০০৫ এর ৩৯ (১) (খ) (ঈ) মোতাবেক চাকরি হতে 'বরখাস্ত' করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৪-০৬-২০২৬
মোঃ আনোয়ারুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ফোন : +৮৮০২৪১০৪০২২৯
ইমেইল : md@rpgcl.org.bd

জনাব মুহাম্মদ রাশেদ আব্দুল্লাহ, উপব্যবস্থাপক, আরপিজিসিএল
বর্তমান ঠিকানা: C/O: Mohammad Abey Kausar Phone: +16136636222 Address: 255 De L'Etang Street, ON K4K 0K1, Ontario, Canada. e-mail: rashbd@gmail.com. WhatsApp No: +8801552 355827.,
স্থায়ী ঠিকানা: বাড়ি নং-১৩, লেন-১৩, ব্লক-ডি সেকশন-১২, মিরপুর, ঢাকা-১২২১।

**স্মারক নম্বর:** ২৮.১৯.০০০০.০০০.৩০৩.০৪.০০০১.২২.১৮৬/১ (৩)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৪ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১। চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল, ঢাকা।
৩। ব্যবস্থাপক (আইসিটি), আরপিজিসিএল, ঢাকা (নোটিশটি কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪-০৬-২০২৬
মোঃ বুরহানুদ্দীন
মহাব্যবস্থাপক (প্রশাসন)